# এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ১ | ২ | ৩ |

## বিষয় ঃ মনোবিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৫০**

[ বিশেষ দ্রষ্টব্য ঃ নিচের ৮টি প্রশ্ন থেকে সর্বমোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ১ এবং ৮ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। 'ক' ও 'খ' প্রতি গুচ্ছ থেকে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ]

**১.** ▶ মেধাবী ছাত্র শাওন এম.এস.সি পাশ করেছে। সে উচ্চ শিক্ষার জন্য বিদেশ যেতে আগ্রহী। শাওনের বাবা রহমান সাহেব গার্মেন্টস এর মালিক। তিনি তার প্রতিষ্ঠানের সুনাম এবং উৎপাদিত পণ্যের মান বৃদ্ধির লক্ষ্যে সব ধরনের চেষ্টা করেন। রহমান সাহেবের ইচ্ছা তার ছেলে বিদেশ না গিয়ে বাবার প্রতিষ্ঠানে যোগ দিয়ে বাবাকে সাহায্য করবে। কিন্তু শাওন সিদ্ধান্তহীনতায় ভুগছে। সে বাবার প্রতিষ্ঠানে যোগ দিবে না কি উচ্চ শিক্ষার জন্য বিদেশ যাবে। সমাধানের জন্য শাওন একজন মনোবিজ্ঞানীর শরণাপন্ন হলো।

ক. সামগ্রিক আচরণ কী? ১

খ. মনোবিজ্ঞানকে জৈব সামাজিক বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. শাওনের সমস্যা সমাধানের বিষয়টি মনোবিজ্ঞানের যে শাখার অন্তর্ভুক্ত তা আলোচনা কর। ৩

ঘ. শাওনের সমস্যা সমাধানের বিষয় এবং তার বাবা যে কাজের জন্য জড়িত তা মনোবিজ্ঞানের একই শাখার না ভিন্ন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৪

**২.** ▶ একটি কলেজের একাদশ শ্রেণির মনোবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীর সংখ্যা ২৫ জন। একাদশ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণির উত্তীর্ণ পরীক্ষায় মনোবিজ্ঞানে তাদের প্রাপ্ত নম্বর নিম্নে দেওয়া হলো :

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৮ | ৬৫ | ৬৫ | ৬১ | ৪৫ |
| ৪২ | ৭৫ | ৭২ | ৮০ | ৮২ |
| ৫৩ | ৬৪ | ৬৩ | ৬৩ | ৭০ |
| ৪০ | ৪৮ | ৭৭ | ৫০ | ৫৪ |
| ৬৪ | ৫৯ | ৪৭ | ৬০ | ৫৫ |

ক. সংখ্যাবাচক তথ্যকে কী বলে? ১

খ. কেন্দ্রীয় প্রবণতা বলতে কী বুঝায়? ২

গ. মনোবিজ্ঞানে প্রাপ্ত নম্বরগুলোকে বিন্যস্ত উপাত্তে উপস্থাপন কর। ৩

ঘ. বিন্যস্ত উপাত্ত থেকে কেন্দ্রীয় মান নির্ণয় করে তুমি মনোবিজ্ঞানের শিক্ষার্থীদের অবস্থা বিশ্লেষণ কর। ৪


http://teachingbd.com

## ক গুচ্ছ

৩. ▶ সায়মা একটি বেসরকারি অফিসে চাকরি করে। সেখানে তার এক পুরুষ সহকর্মী তাকে দেখলে শিস্ বাজায় এবং অস্বস্তিপূর্ণ অপলক দৃষ্টিতে সায়মার দিকে তাকিয়ে থাকে।

ক. বংশগতি কী? ১
খ. বয়ঃসন্ধিকালে ছেলে-মেয়েরা বেশি আবেগ প্রবণ হয় কেন? ২
গ. সায়মা যে পরিস্থিতির শিকার তার প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. সায়মা যে পরিস্থিতির শিকার তার কারণগুলো কি কি তা আলোচনা কর। ৪

৪. ▶ নিচের তথ্যটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. পিটুইটিন কী? ১
খ. স্নায়ুকোষকে স্নায়ুতন্ত্রের একক বলা হয় কেন? ২
গ. C চিহ্নিত অংশটির গঠন বর্ণনা কর। ৩
ঘ. ? চিহ্নিত অংশটি মানবদেহের জন্য কতটা প্রয়োজন? ব্যাখ্যা কর। ৪

৫. ▶ রায়হান চতুর্থ শ্রেণিতে পড়ে। সে সকালে নাস্তা খেয়ে স্কুলে যায়। পড়াশুনার ব্যস্ততার কারণে সে স্কুলে টিফিন খেতে পারেনি। বাসায় ফিরেই সে তার মাকে তাড়াতাড়ি খাবার দিতে বলে।
পঞ্চম শ্রেণির ছাত্রী লুবনা প্রতি পরীক্ষাতেই কৃতিত্বের সাথে পাশ করে। ভবিষ্যতে সে আরও ভাল ফলাফল করতে চায়।

ক. আবেগ কী? ১
খ. প্রেষিত আচরণ ভারসাম্য সংস্থাপক কেন? ২
গ. রায়হানের মধ্যে যে ধরনের প্রেষণা বিদ্যমান তার শরীরবৃত্তীয় ভিত্তি ব্যাখ্যা কর। ৩
ঘ. রায়হান ও লুবনার প্রেষণা কী একই না ভিন্ন? যুক্তি দিয়ে ব্যাখ্যা কর। ৪

## খ গুচ্ছ

৬. ▶ ঝিনুক বাবা মায়ের একমাত্র সন্তান। সে সপ্তম শ্রেণিতে পড়ে। পড়াশুনায় যেমন ভালো, আচার আচরণেও তেমন ভালো। কিন্তু কিছুদিন ধরে তার বাবা মা লক্ষ্য করছেন যে, ঝিনুক কিছুদিন ধরে পড়াশুনায় অমনোযোগী হয়ে পড়েছে।

Teachingbd.com

একটুতেই রেগে যাচ্ছে। এ অবস্থা দেখে তাকে মনোবিজ্ঞানীর কাছে নিয়ে গেলে মনোবিজ্ঞানী বলেন, ঝিনুকের বয়ঃসন্ধিকাল চলছে। এ সময়ে এমনটি হওয়াই স্বাভাবিক।

ক. বয়ঃসন্ধিকালের মেয়েদের সময়সীমা কত? ১
খ. মানসিক স্বাস্থ্য বলতে কী বুঝায়? ২
গ. ঝিনুকের মধ্যে কী ধরনের শারীরিক পরিবর্তন ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঝিনুকের মধ্যে শারীরিক পরিবর্তনের সাথে মানসিক পরিবর্তনও লক্ষ্য করা যায় - উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶শিলা, মিতা ও সজল তিন ভাই বোন। তাদের বাবা একদিন সকালবেলা শিলা ও মিতাকে নিয়ে চিড়িয়াখানায় গেলেন। শিলা ও মিতা বিভিন্ন প্রকার পশু পাখি দেখে বাবার কাছে সেগুলির নাম জানতে চাইলে বাবা পশু পাখির নাম বার বার বলেন এবং শিলা ও মিতা সাথে সাথে নামগুলো বলতে থাকে। এরপর শিলাকে বাসায় রেখে মিতাকে নিয়ে আবার যাদুঘরে গেলেন। ঘুরে ঘুরে বিভিন্ন জিনিসপত্র দেখালেন। বাসায় ফিরে রাতে তাদের বাবা তাদেরকে চিড়িয়াখানায় দেখা বিভিন্ন পশু পাশির নাম জানতে চাইলে শিলা সবগুলো নাম বলতে পারলেও মিতা বেশি বলতে পারেনি। মিতা যাদুঘরে দেখা কিছু জিনিসের নামও বলে দেয়।

ক. স্মৃতি কী? ১
খ. শিক্ষণ অনুশীলনের ফলে কী হয়? ২
গ. মিতার ভুলে যাবার পিছনে দায়ী কারণটি ব্যাখ্যা কর। ৩
ঘ. মিতার ভুলে যাবার পিছনে যে কারণটি দায়ী সেটি ছাড়া আরও অন্যান্য কারণগুলো কি কি? ৪

**৮.** ▶বুমি এবং ছবি দুই বান্ধবী। বুমি ছবিকে বলল, মনোবিজ্ঞান ক্লাসে আজ মনোযোগ অধ্যায়টি পড়ানো হলো। জানতে পারলাম পুনরাবৃত্তি মনোযোগ আকর্ষণের একটি শর্ত। যার জন্য ক্ষুধার্ত ব্যক্তি খাদ্যের প্রতি, তৃষ্ণার্ত ব্যক্তি পানির প্রতি আকৃষ্ট হয়।

ক. সংবেদনের ব্যাখ্যা ও অর্থবোধকে কী বলা হয়? ১
খ. মনোযোগকে প্রত্যক্ষণের নির্বাচনমুখীতা বলা হয় কেন? ২
গ. বুমি ছবিকে মনোযোগের যে শর্তের ২টি উদাহরণ দিয়েছে সে রকম আরও ৩টি শর্ত উদাহরণসহ আলোচনা কর। ৩
ঘ. বুমি ছবিকে মনোযোগ আকর্ষণের পিছনে ভিন্ন আরেক ধরনের শর্তের কথা বলেছেন উদাহরণসহ সে রকম ৪টি শর্ত আলোচনা কর। ৪

http://teachingbd.com

## মনোবিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৩ |

সময় — ২৫ মিনিট

### বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**নিচের উদ্দীপকটি পড় এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :**


রুবার বয়স ৫ বছর। কিন্তু দেখলে মনে হয় ২ বছরের। সেজন্য তার বাবা-মা খুব চিন্তিত। ডাক্তারের কাছে গিয়ে জানতে পারে সে 'ক্রেটিনিজম' রোগে আক্রান্ত।

১. **রুবার রোগটির জন্য কোন গ্রন্থিটি দায়ী?**
ক) পিটুইটারি  খ) থাইরয়েড
গ) এড্রিনাল  ঘ) গোনাড

২. **রোগটির কারণে রুবার —**
i. দেহ খর্বাকৃতি
ii. যৌন বিকাশ অস্বাভাবিক
iii. মানসিক বিকাশ অস্বাভাবিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৩. **স্মৃতি সংরক্ষণে মস্তিষ্কের কোন অঞ্চলের ভূমিকা গুরুত্বপূর্ণ?**
ক) এমিগডালা  খ) হিপোক্যাম্পাস
গ) থ্যালামাস  ঘ) হাইপোথ্যালামাস

৪. **সঞ্চয় পদ্ধতিতে দু'জন ব্যক্তির স্মৃতি পরিমাপের চিত্রটি নিম্নরূপ :**




**কোন ব্যক্তির স্মৃতির পরিমাণ বেশি?**
ক) ১ম ব্যক্তির  খ) ২য় ব্যক্তির
গ) উভয়েরই কম  ঘ) উভয়েরই সমান

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**

শিবলী গ্রামের একটি কলেজ থেকে এইচ. এস. সি পাশ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে সে ঢাকা মেডিকেলের অবস্থান দেখতে পায়। এরপর থেকে কেউ ঢাকা মেডিকেল কোথায় জানতে চাইলে সে বলতে পারে।

৫. **শিবলীর শিক্ষণটি কোন ধরনের?**
ক) প্রচেষ্টা ও ভুল সংশোধনের মাধ্যমিক শিক্ষণ
খ) চিরায়ত সাপেক্ষীকরণ
গ) করণ শিক্ষণ
ঘ) বুদ্ধিবৃত্তিক শিক্ষণ

৬. **শিবলীর শিক্ষণের মূল বিষয় হলো—**
i. সংরক্ষিত তথ্যের প্রত্যাহবান
ii. তথ্য বাছাই
iii. চিন্তার ক্ষেত্রে তথ্যের বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

৭. **উদ্দীপনা কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে পৌঁছা মাত্রই প্রাণীদেহে যে প্রাথমিক চেতনা সৃষ্টি হয় তাকে কী বলে?**
ক) অধ্যাস  খ) মনোযোগ
গ) প্রত্যক্ষণ  ঘ) সংবেদন

৮. তেঁতুল দেখে মুখে লালা আসে। এটি কোন ধরনের আচরণ?
ক) প্রতিবর্তী  খ) প্রেষিত
গ) ঐচ্ছিক  ঘ) জটিল

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

কয়েকদিন পূর্বে ঝর্ণার বাবা মারা গেছেন। একদিন রাতের বেলা এশার নামায পড়ে বাবার জন্য দোয়া করে খুব কাঁদছে। হঠাৎ দেখে তার বাবা তার দিকে এগিয়ে আসছে। সে খুব ভয় পেয়ে আলো জ্বালাতেই তার বাবাকে দেখতে পেলো না।

৯. **ঝর্ণা তার বাবাকে দেখতে পেল। বিষয়টি কী?**
ক) গতি অধ্যাস  খ) অলীক বীক্ষণ
গ) প্রাকৃতিক অধ্যাস  ঘ) শারীরবৃত্তীয় অধ্যাস

১০. **ঝর্ণার প্রত্যক্ষণ সাধারণত সৃষ্টি হয় —**
i. মাদকাসক্তদের ক্ষেত্রে
ii. মানসিক রোগীদের ক্ষেত্রে
iii. স্বাভাবিক মানুষদের ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১১. **প্রতিটি জনন কোষে কত জোড়া ক্রোমোজোম থাকে?**
ক) ২২  খ) ২৩
গ) ২৪  ঘ) ২৫

Teachingbd.com

১২. ছেলেটি তার বাবার মতো লম্বা হয়েছে এর কারণ হচ্ছে —
i. গ্রন্থি
ii. ডিএনএ
iii. পরিবেশ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৩. বয়ঃসন্ধিকালে কিশোর-কিশোরীরা জীবন সম্পর্কে কী ধরনের মনোভাব পোষণ করে?
ক গঠনমূলক  খ প্রতিরোধমূলক
গ ইতিবাচক  ঘ নেতিবাচক

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**

সুরাইয়া বেগমের একমাত্র সন্তান সেলিম মানসিক রোগী। পাড়া-প্রতিবেশী আত্মীয়-স্বজন সেলিমের প্রতি বিরুপ মনোভাব পোষণ করে। এ অবস্থায় সুরাইয়া বেগম মানসিক রোগে আক্রান্ত এমন অনেক পরিবার খুঁজে বের করে আন্দোলন গড়ে তোলেন।

১৪. এ ধরনের আন্দোলনকে কী বলে?
ক সামাজিক আন্দোলন
খ মানসিক স্বাস্থ্য আন্দোলন
গ রাজনৈতিক আন্দোলন
ঘ অধিকার আন্দোলন

১৫. এ ধরনের আন্দোলনের উদ্দেশ্য হচ্ছে —
i. বাসস্থানের ব্যবস্থা করা
ii. কর্মসংস্থানের ব্যবস্থা করা
iii. সুচিকিৎসার ব্যবস্থা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৬. মনঃসমীক্ষণ মতবাদের প্রবক্তা কে?
ক জন. বি. ওয়াটসন  খ কার্ল রোজার্স
গ সিগমুন্ড ফ্রয়েড  ঘ আব্রাহাম মাসলো

১৭. একই চিত্র একবার কতকগুলো গাছ আবার কতকগুলো মানুষের মুখচ্ছবি বলে মনে হয়। এ ধরনের প্রত্যক্ষণকে কী বলে?
ক অপরিবর্তনশীল প্রতীক পটভূমি
খ পরিবর্তনশীল প্রতীক পটভূমি
গ দ্ব্যর্থবোধক প্রতীক পটভূমি
ঘ উভয়মুখী প্রতীক পটভূমি

১৮. প্রেষণাচক্রের ২য় স্তর কোনটি?
ক উদ্দেশ্য সাধন  খ করণ আচরণ
গ তাড়না  ঘ অভাববোধ

১৯. কোন সালকে মনোবিজ্ঞানের জন্মদিন বলা হয়?
ক ১৮৭৫  খ ১৮৭৯
গ ১৯৭৫  ঘ ১৯৭৯

২০. একটি বইয়ের মাঝখানের কতকগুলো পৃষ্ঠা ছিঁড়ে গেছে। ছেঁড়া পৃষ্ঠার সংখ্যা বের করার জন্য পরিসংখ্যানের কোন পদ্ধতি প্রয়োজন?
ক গড়  খ মধ্যমা
গ প্রচুরক  ঘ পরিসর

**নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**

কলি ও তুলি দুই বোন। কলি দৈনন্দিন কাজকর্ম করে এবং ছোট বোন তুলিকে কাজে সাহায্য করতে বলে। এতে তুলি রেগে যায়। কলি এর প্রতিবাদ না করে ঘুমাতে যায়।

২১. তুলির আচরণ কী নির্দেশ করে?
ক ক্লান্তি  খ প্রেষণা
গ আবেগ  ঘ বুদ্ধি

২২. তুলির আচরণের বিপরীতে কলি যা করে তা পরিচালিত হয় —
i. হাইপোথ্যালামাস
ii. রেটিকুলার ফরমেশন
iii. মধ্য মস্তিষ্ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৩. সংগৃহীত তথ্য থেকে মানুষের আচরণ সম্বন্ধে সাধারণ সূত্র আবিষ্কারের জন্য কোন শাখার প্রয়োজন?
ক মনোবিজ্ঞান  খ পরিসংখ্যান
গ পদার্থ বিজ্ঞান  ঘ সমাজবিজ্ঞান

২৪. পরীক্ষণ পদ্ধতি হলো —
i. কৃত্রিম পরিবেশে গবেষণা করা
ii. নিয়ন্ত্রিত পরিবেশে গবেষণা করা
iii. মিছিলকারী জনতার আচরণ নিয়ে গবেষণা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৫. শিক্ষণের উপাদান কোনটি?
ক সংযোগ  খ সংরক্ষণ
গ প্রত্যাভিজ্ঞা  ঘ পুনরুৎপাদন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | গ | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | | | | | | | | | | |

Teachingbd.com